# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৬৭৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬৮০]

পর্ব-২০: তাহাজ্জুদ এবং দিনের নফল সালাত (كتاب قيام الليل وتطوع النهار)

পরিচ্ছেদঃ ২৯: এক রাতে দু'বার বিতরের সালাত আদায় করার ব্যাপারে নবী (সা.) -এর নিষেধাজ্ঞা

باب نَهْىِ النَّبِيِّ صلى الله عليه وسلم عَنِ الْوِتْرَيْنِ فِي لَيْلَةٍ

আরবী

أَخْبَرَنَا هَنَّادُ بْنُ السَّرِيِّ، عَنْ مُلاَزِمِ بْنِ عَمْرٍو، قال: حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ بَدْرٍ، عَنْ قَيْسِ بْنِ طَلْقٍ، قال: زَارَنَا أَبِيطَلْقُ بْنُ عَلِيٍّ فِي يَوْمٍ مِنْ رَمَضَانَ فَأَمْسَى بِنَا وَقَامَ بِنَا تِلْكَ اللَّيْلَةَ وَأَوْتَرَ بِنَا، ثُمَّ انْحَدَرَ إِلَى مَسْجِدٍ فَصَلَّى بِأَصْحَابِهِ حَتَّى بَقِيَ الْوِتْرُ، ثُمَّ قَدَّمَ رَجُلًا، فَقَالَ لَهُ: أَوْتِرْ بِهِمْ فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، يَقُولُ: لَا وِتْرَانِ فِي لَيْلَةٍ .

تخريج دارالدعوه: سنن ابی داود/الصلاة ٣٤٤ (١٤٣٩)، سنن الترمذی/فیہ ٢٢٧ (الوتر ١٣) (٤٧٠)، (تحفة الأشراف: ٥٠٢٤)، مسند احمد ٤/٢٣ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1680 ـ صحيح

বাংলা

১৬৭৯. হান্নাদ ইবনুস সারী (রহ.) ..... কয়স ইবনু ত্বালক (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, রমযানের একদিনে আমার পিতা ত্বালক ইবনু 'আলী (রাঃ) আমাদের সাথে সাক্ষাৎ করলেন। তিনি আমাদের সাথে সন্ধ্যা করে ফেললেন এবং ঐ রাতে আমাদের সাথে তারাবীর সালাত আদায় করলেন আর আমাদের সাথে বিতরের সালাতও আদায় করলেন। অতঃপর তিনি দ্রুত মসজিদে চলে গেলেন এবং তার সাথীদের নিয়ে সালাত আদায় করতে লেগে গেলেন। তখন শুধু বিতরের সালাত বাকি রয়ে গেল, তিনি এক ব্যক্তিকে আগে বাড়িয়ে দিলেন এবং বললেন, তুমি তাদের নিয়ে বিতরের সালাত আদায় করে নাও। কেননা আমি রসূলুল্লাহ (সা.)-কে বলতে শুনেছি, এক রাতে দু'বার বিতরের সালাত আদায় করতে নেই।

## English

The Prophet's (SAW) prohibition of praying witr twice in one night

It was narrated that Qais bin Talq said: My father, Talq bin 'Ali visited me one day in Ramadan and stayed with us until the evening. He led us in praying Qiyam that night and prayed witr with us. Then he went down to a masjid and led his companions in prayer until only witr was left. Then he told a man to go forward and said to him: 'Lead them in praying witr, for I heard the Messenger of Allah (ﷺ) say: There should not be two witrs in one night.

## ফুটনোট

সহীহ: আবু দাউদ ১৪৩৯, তিরমিযী ৪৭০, ৪৭৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90175

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন